শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2

ISO 9001:2015 Certified

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

স্মারক নং-২৭.১২.৪১৬১.৫১১.০২.০০৮.২০২৩.৪৫২২

তারিখঃ ২৪ এপ্রিল, ২০২৩ খ্রিঃ
১১ বৈশাখ ১৪৩০ বঙ্গাঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ **''কাজ নাই মুজুরী নাই''** ভিত্তিতে নিম্নোক্ত শর্তানুযায়ী সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে ''বিলিং সহকারী'' পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকার স্থানীয় বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পুরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | পদের নাম | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | বিলিং সহকারী ''কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত) । | ০১। ১৪-০৫-২০২৩ খ্রিঃ বয়সসীমা নূন্যতম ১৮ বছর এবং সর্বোচ্চ অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১৪-০৫-২০২৩ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বছর ৩২।<br>০২। জন প্রশাসন মন্ত্রণালয়ে,বিধি-১ শাখানং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭. ২০-১৪৯,তারিখঃ ২২-০৯-২০২২ খ্রিঃ অনুযায়ী ২৫-০৩-২০২০ খ্রিঃ তারখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন। | ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে নূন্যতম ৩.০০ সহ উত্তীর্ন হতে হবে।<br>খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে নূন্যতম ১০টি ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | দৈনিক ৮০০.০০ (আটশত টাকা) | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারী (ময়মনসিংহ জেলার ভালুকা, গফরগাঁও ও ত্রিশাল উপজেলা এবং<br>গাজীপুর জেলার শ্রীপুর ও মাওনা উপজেলার স্থায়ী বাসিন্দা) শুধমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ**

০১. নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (pbs2.mymensingh.gov.bd) হতে ডাউন লোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ) আবেদন ফরম A-4 সাইজের কাগজে হতে হবে।

০২. আবেদন ফর্মটি আবেদনকারীকে স্বহস্তে পূরন করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। অসম্পূর্ণ আবেদন ফর্ম অর্থাৎ নিধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরন করা না হলে বা আংশিক পূরন হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ্য করতে হবে।

০৪. আবদেনপত্রের সাথে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতা মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহনযোগ্য নয়) নাগরিকত্ব সনদ,জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ,সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি (১ম শ্রেনীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং সিনিয়র জেনারেল ম্যানেজার ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২,ভালুকা,ময়মনসিংহ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৫. প্রার্থী কর্তৃক দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে প্রার্থীতা বাতিল করা হবে।

০৬. অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যে সত্যতা প্রমাণিত হলে যে কোন সময় প্রার্থীতা বাতিল বা পরবর্তীতে চাকুরীচ্যুত করা হবে।

০৭. বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের নাগরিক নয় এ রকম কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতি বদ্ধ হয়ে থাকলে অথবা যদি তিনি পরবর্তী নিয়োগকারী কর্তৃক সত্যতা,নৈতিক স্থলনের কারনে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন

অথবা যদি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে উক্ত প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

০৮. এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমে স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে প্রার্থীর কোন দাবীও গ্রহন যোগ্য হবে না। প্রতিষ্ঠানের যতদিন প্রয়োজন **"কাজ নাই মজুরী নাই"** ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৯. চাকুরীতে যোগদানের পূর্বে/পরে প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কাজের অনুমতিপত্র বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

১০. কোন কারন দর্শানো ব্যতি রেখে যে কোন আবেদন গ্রহন বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১১. সরকারী, আধা সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্টানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২. নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরনকৃত ফর্মে প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৩. লিখিত,ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা,অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৪. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কে উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যায়ন পত্রের মুলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৫. প্রার্থীকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর যে কোন অফিসে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৬. আবেদনকারীকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং-০১) আবেদনপত্র স্বহস্তে পূরন করে চাহিত কাগজত্রাদিসহ আগামী ১৪-০৫-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস যোগে প্রেরন করতে হবে। বিলম্বে প্রেরিত আবেদন বাতিল বলে গন্য হবে।

১৭. যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতি রেখে অনুমতি হতে অব্যাহিত প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

28.08.26
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**- (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে) (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২॥ পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা / পবিস মনিটরিংও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি এর দপ্তর), বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, ময়মনসিংহ/গাজীপুর।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪।
০৬॥ একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৭॥ ডিজিএম (সদর-কারিগরী)/মাওনা/ত্রিশাল/গফরগাঁও/শ্রীপুর/জামিরদিয়া মাস্টারবাড়ী জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
০৮॥ এজিএম (ওএন্ডএম), (বাটাজোড়/কাওরাইদ) সাব-জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
০৯॥ এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম/পিএন্ডএম), ময়মনসিংহ পবিস-২।
১০॥ এজিএম (আইটি), ময়মনসিংহ পবিস-২ (ফরমসহ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১১॥ নোটিশ বোর্ড, ময়মনসিংহ পবিস-২।
১২॥ অফিস/মাস্টার কপি।

28.08.26
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

ফরম-১

ময়মমনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থানে প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

সিনিয়র জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
ভালুকা, ময়মমনসিংহ।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

১। নিয়োগ বিজ্ঞপ্তি নং----------------------

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

৫. প্রকাশনার তারিখ

দিন/মাস/বছর)

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (পরীক্ষর সনদ/নিবন্ধন অনুযায়ী)

৮. মাতার নাম

৯. বয়স(১৮/০৫/২০২৩ খ্রিঃ তারিখে)

১০. পিতার নাম

১১. ধর্ম

১২. জাতীয়তা

১৩. নিজ জেলা

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (✓) দিন:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পূত্র/কন্যা | | এতিম ও শারিরিক প্রতিবন্ধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | উপজাতি | | আনসার ও গ্রামপ্রতিরক্ষা | | অন্যান্য |

১৭. স্থায়ী ঠিকানা:

ক. গ্রাম/ সড়ক/বাড়ী
খ. ডাকঘর
গ. উপজেলা/থানা
ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:

ক. গ্রাম/ সড়ক/বাড়ী
খ. ডাকঘর
গ. উপজেলা/থানা
ঘ. জেলা

১৯. পোষ্টাল অর্ডার নং/ পে-অর্ডারনং

২০. পোষ্টাল অর্ডারের মূল্য

২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ ( বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| **উত্তীর্ণ পরীক্ষার নাম** | **শিক্ষা প্রতিষ্ঠানের নাম** | **সিজিপিএ/বিভাগ/শ্রেণী** | **সার্টিফিকেট অর্জনের বছর** |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীরকালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৪. **প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| **নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)** |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরের বর্নিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভূল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে ময়মনসিংহ পবিস-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে ময়মনসিংহ পবিস-২ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

তারিখ

আবেদনকারীর স্বাক্ষর

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

**ময়মমনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২**

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ

**লিখিত/ মৌখিক সাক্ষাৎকার/ব্যবহারিক**

# প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পুরণীয়)**

প্রার্থীর রোল নম্বর : ....................................................

পরীক্ষর তারিখ : ....................................................

পরীক্ষার সময় : ....................................................

পরীক্ষা কেন্দ্রের নাম : ....................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ...................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর: ...........................

**(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পুরণীয়)**

পদের নাম : ....................................................

প্রার্থীর নাম : ....................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক : ......................................

........................................................................

........................................................................

........................................................................

## প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী :

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশ পত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্তত: ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষার প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরনের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। **পরীক্ষা কক্ষে কোন ব্যাগ,** ক্যালকুলেটর, ইলেকট্রনিক ডিভাইস, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ ও মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ। সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্র পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। পরীক্ষার অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে প্রয়োজন মনে করলে পরিদর্শক গোপনীয়ভাবে পরীক্ষার্থীর রোল নম্বর সংগ্রহ করত: তা সমিতির কর্তৃপক্ষের নিকটজমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

৯। পরীক্ষায় কৃতকার্য্ হলেও পরবর্তীতে কোন ত্রুটি ধরা পরলে কিংবা যে কোন অসঙ্গতি পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

১০। ঐদিনই ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কারণে শিক্ষাগত যোগ্যতার মুল কপি সঙ্গে নিয়ে আসতে হবে ।